

রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার ফল জালিয়াতির আশঙ্কা, খেপ্তার ২

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল জালিয়াতির আশঙ্কা দেখা দিয়েছে। ফলাফল প্রস্তুতকারী কোম্পানির দুই কর্মীকে গতকাল গ্রেপ্তার করা হয়েছে।

তারা হচ্ছেন নাটোরের শাহজাহান আদীর ছেল জিহাদ আলী (২২) ও সিরাজগঞ্জের বাবলু মিয়া (২৮)।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান অনুষদের ফলাফল প্রস্তুতকালে কৃষক পরিবারে বাস করত কোম্পানির এই দুজন কর্মী তাঁদের মুঠোফোন টিপিটিপি করছিলেন। নিয়ম অনুযায়ী ফলাফল প্রস্তুতকারী কোম্পানির দোকানের ওই সময় মুঠোফোন ব্যবহার নিষিদ্ধ। এই দুই কর্মীর মুঠোফোন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে পড়লে তাঁদের গ্রেপ্তার করা হয়। তাঁদের মুঠোফোন পরীক্ষা করে অনেক শিক্ষার্থীর রোল নম্বর পাওয়া গেছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আশঙ্কা করছে, তারা ফলাফল জালিয়াতির উদ্দেশ্যেই মুঠোফোন থেকে নম্বর বের

করছিলেন। ইতিমধ্যে তাঁদের হাত দিয়ে কলা অনুষদের এ-৪, এ-৫, এ-৭ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ফলাফল প্রকাশ করা হয়েছে।

প্রতির চৌধুরী মহাম্মদ জাকারিয়া বলেন, সন্দেহ হলে তিনি ওই দুজনকে জটিল করতে পুলিশকে বলেন। পরে ফলাফল প্রস্তুতকারী কোম্পানির লোকদের জানালে তারা বলেন, গ্রেপ্তার দুই ব্যক্তি তাঁদের ভাড়াটে কর্মী। এর আগেও তারা মজাসা বোর্ডের ফলাফল গ্রেপ্তার কাজ করেছেন। তিনি বলেন, তাঁদের রিমাস্তে নিলে বোঝা যাবে তাঁরা কোথাও কোনো জালিয়াতি করেছেন কিনা।

বিজ্ঞান অনুষদের ভিন আনোয়ারুল ইসলাম বলেন, তারা ফর্তিকর কিছু করতে পারেননি বলে ধারণা করছি। এর পরও আরও চার-পাঁচ দিন সময় নিয়ে দেখে-ওনে ফলাফল প্রকাশ করব। একটি পরীক্ষার্থীরও যাতে ফর্তি না হয়, সেই দিকে লক্ষ রাখছি।

মতিহার ধানার উপপরিদর্শক (এসআই) গেলিম বেজা বলেন, ওই দুজনকে ৫৪ ঘন্টার গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।